# গরু হৃষ্টপুষ্টকরণ প্রযুক্তি

## গরু হৃষ্টপুষ্টকরণ ধাপসমূহ

১। গবাদিপশু নির্বাচন

২। কৃমি মুক্তকরণ

৩। খাদ্য ব্যবস্থাপনা এবং

৪। রোগ প্রতিরোধ ও চিকিৎসা।

### গবাদিপশু নির্বাচন

- গরু রোগমুক্ত হতে হবে।
- ২-৩ বছরের এঁড়ে ষাঁড় বাছুর ক্রয় করতে হবে।
- বাছুরের লম্বা পা ও দেহ, মোটা মাথা, ঢিলা মসৃণ ও চামড়া হলে উত্তম।
- দো-আঁশলা/ শংকর জাতের বাছুর অল্প সময়ে বড় হয়।
- কালচে, লাল বা কালো গরুর চাহিদা বেশি।
- কমপক্ষে ৩(তিন) মাস পালন করতে হবে।

### কৃমি মুক্তকরণ

গরু ক্রয় করার পরপরই ভেটেরিনারি ডাক্তারের সাথে পরামর্শ করে কৃমিনাশক ওষুধ খাওয়াতে হবে।

### গবাদিপশু ব্যবস্থাপনা

(ক) গরুকে তার দৈহিক ওজনের ১% ভাগ দানাদান ও ২% ভাগ আঁশ জাতীয় খাদ্য খাওয়াতে হবে।

(খ) দানাদার খাদ্য ২ বেলায় ভাগ করে দিতে হবে।

(গ) ইউরিয়া ও চিটাগুড় মিশ্রিত খড় খাওয়ালে কম খরচে গরু দ্রুত হৃষ্টপুষ্ট হয়।

(ঘ) গরুকে বিশুদ্ধ জীবণামুক্ত পানি সরবরাহ করতে হবে।

## গরুর দৈনিক খাদ্য তালিকা

| গবাদিপশুর শারীরিক ওজন (কেজি) | ইউ এম এস (কেজি) | কাঁচা ঘাস (কেজি) | দানাদার খাদ্য (কেজি) |
|---|---|---|---|
| ১০০ | ১.০০ | ৪.০০ | ১.০০ |
| ১৫০ | ২.০০ | ৬.০০ | ১.৫০ |
| ২০০ | ৩.০০ | ৮.০০ | ২.০০ |
| ২৫০ | ৪.০০ | ১০.০০ | ২.৫০ |
| ৩০০ | ৫.০০ | ১২.০০ | ৩.০০ |

কাঁচা ঘাস পর্যাপ্ত না পেলে ইউ এম এস যথেচ্ছা পরিমাণে খাওয়াতে হবে এবং দানাদার খাদ্যের পরিমাণ প্রতি সপ্তাহে ২০০ গ্রাম হিসাবে বাড়াতে হবে, তবে তার দৈহিক ওজনের ৩% বেশি হবে না। উল্লিখিত খাদ্যকে ২ ভাগ করে দিনে ২ বারে খাওয়াতে হবে।

## দানাদার খাদ্যের মিশ্রণ

| খাদ্য উপাদান | ১০ কেজি ফর্মূলা |
|---|---|
| চাল ভাংগা, গম ভাংগা, ভুট্টা ভাংগা, ডাল ভাংগা | ১ কেজি |
| চালের কুঁড়া, গমের ভূষি, ডালের ভূষি | ৫-৬ কেজি |
| তিলের খৈল/সরিষার খৈল | ২ কেজি |
| DCP পাউডার, লবণ, ঝিনুকের গুঁড়া | ১০০ গ্রাম |

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

# ইউরিয়া মোলাসেস স্ট্র (ইউ এম এস) তৈরির ফর্মুলা

| উপাদান | পরিমাণ |
|---|---|
| ধানের খড়/বন | ১০ কেজি |
| চিটাগুড়/রাব | ২-২.৫ কেজি |
| ইউরিয়া সার | ৩০০ গ্রাম |
| পানি | ৭-৮ লিটার |

উল্লিখিত অনুপাতে প্রয়োজনমতো ২০ কেজি, ৩০ কেজি বা আরো বেশি তৈরি করা যাবে।

## ইউ এম এস তৈরির নিয়ম

- প্রথমে খড়, ইউরিয়া, মোলাসেস ও পানি সঠিক পরিমাণে মেপে নিতে হবে।
- মেপে নেয়া খড়গুলোকে ৫-৬ ইঞ্চি করে কেটে নিতে হবে।
- পানির সাথে প্রথমে ইউরিয়া, পরে চিটাগুড়/মোলাসেস মিশিয়ে মিশ্রণ তৈরি করতে হবে।
- এখন পাকা মেঝে বা পলিথিনের উপর প্রথমে কিছু বন/খড় ছড়িয়ে রাখতে হবে এবং তৈরিকৃত মিশ্রণ সমানভাবে ছিটিয়ে দিতে হবে। এভাবে ভিজা খড়ের উপর আবার কিছু শুকনো খড় বিছাতে হবে এবং পুনরায় মিশ্রণ ছিটাতে হবে।
- এভাবে সবগুলো খড়ের সাথে সম্পূর্ণ মিশ্রণ সমানভাবে মিশাতে হবে যেন কোথাও বেশি না হয়। তৈরিকৃত ইউ এম এস পরিমাণমতো খাওয়াতে হবে এবং তৈরির সাথে সাথেই গরুকে খাওয়ানো যায়।

## সাবধানতা/সতর্কতা

- ইউরিয়ার পরিমাণ কোন ক্রমেই বেশি বা অনুমানে নেয়া যাবে না।
- একবার প্রস্তুত করার পর তা তিন দিনের বেশি রাখা যাবে না।
- ইউ এম এস খাওয়ানোর ১ ঘন্টা আগে বা পরে পেট ভরে পানি খাওয়ানো যাবে না।


## রোগ প্রতিরোধ ও চিকিৎসা

- ভেটেরিনারি ডাক্তারের পরামর্শ মোতাবেক তড়কা, বাদলা, Lumpy Skin, ক্ষুরারোগের টিকা প্রদান করতে হবে।
- রোগে আক্রান্ত গবাদি পশুকে চিকিৎসকের পরামর্শ মোতাবেক চিকিৎসা করাতে হবে।

## উপসংহার

উল্লিখিত নিয়মে হৃষ্টপুষ্টকরণে গরুর দৈহিক ওজন প্রতিদিন ৫০০-৮০০ গ্রাম পর্যন্ত বৃদ্ধি পাবে এবং খামারী অবশ্যই লাভবান হবে। এছাড়া যে কোন সমস্যার জন্য জেলা/উপজেলা ভেটেরিনারি অফিসে যোগাযোগ করতে হবে।







**মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর**

বিএফডিসি ভবন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, ফোন : +৮৮-০২-৫৫০১২৪০৬

ই-মেইল: flidmofl@gmail.com, ওয়েবসাইট: www.flid.gov.bd

নিউজ পোর্টাল : https://motshoprani.org/, ফেইসবুক: https://www.facebook.com/flid20

অ্যান্ড্রয়েড অ্যাপ: মৎস্য ও প্রাণী তথ্য ভাণ্ডার

ইউটিউব: https://www.youtube.com/@flidbangladesh69